Π

*পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহর নামে*

প্রারম্ভিক

# কোর্‌আন এবং সালাত অনুধাবন -

## সহজ পদ্ধতি

**প্রাথমিক স্তরের জন্য শর্ট কোর্স**

***(রামাদান উপলক্ষ্যে)***

৯ ঘণ্টার একটি সহজ অথচ কার্যকর কোর্স, যেখানে কোর্‌আনের দৈনন্দিন তেলাওয়াত ও বেছে নেয়া অন্য কিছু অংশ থেকে আপনি শিখবেন ১০০টি শব্দ - যেগুলো কোর্‌আনে প্রায় ৪০,০০০ বার (সর্বমোট প্রায় ৭৮,০০০ শব্দ থেকে বা মোট শব্দের প্রায় ৫০%) এসেছে।

*এই কোর্সে শব্দগুলোর কেবল প্রাথমিক অর্থ শেখানো হবে।*

উদ্দেশ্যসমূহঃ (১) প্রমাণ করা যে কোর্‌আন শেখা সহজ; (২) মানুষকে কোর্‌আন অধ্যয়নে উৎসাহিত করা; (৩) কীভাবে কোর্‌আনের সঙ্গে সম্পর্ক (interaction) স্থাপন করা যায় তা শেখানো

*প্রশিক্ষক*

**ড. আব্দুল-আজীজ আব্দুর-রাহীম**

পরিচালক, কোর্‌আন অনুধাবন একাডেমি (Understand Qur’an Academy), হায়দ্রাবাদ

*পরম করুণাময় অসীম দয়ালু আল্লাহ্‌র নামে*

# *সূচিপত্র*


| | কোর্‌আন ও হাদিস থেকে | ব্যাকরণ | উৎসাহমূলক ও শেখার জন্য উপদেশ |
|---|---|---|---|
| 1. | উপক্রমণিকা ১ | | |
| 2. | উপক্রমণিকা ২ | هُوَ، هُمْ، ... | |
| 3. | উপক্রমণিকা ৩ | هُوَ مُسْلِم، هُمْ مُسْلِمُون، ... | |
| 4. | সূরা আল-ফাতিহা | رَبُّهُ،.. رَبُّهُم | |
| 5. | সূরা ফাতিহা | دِينُهُ،..، كِتَابُهُ،.. هِيَ، رَبُّهَا... | |
| 6. | সূরা আসর | لَ، مِنْ، عَنْ، مَعَ | |
| 7. | সূরা নাস্‌র | بِ، فِي، عَلَى، إِلَى | |
| 8. | সূরা ইখলাস | | |
| 9. | সূরা ফালাক | فَعَلَ، فَعَلُوا، فَعَلْتَ، فَعَلْتُمْ، فَعَلْتُ، فَعَلْنَا | |
| 10. | সূরা নাস | يَفْعَلُ، يَفْعَلُونَ، تَفْعَلُ، تَفْعَلُونَ، أَفْعَلُ، نَفْعَلُ | |
| 11. | সূরা কাফিরূন | اِفْعَلْ، اِفْعَلُوا، لاَ تَفْعَلْ، لاَ تَفْعَلُوا | |
| 12. | ওজুর দোয়া | فَاعِل، مَفْعُول، فِعْل | |
| 13. | ইকামা | فَتَحَ، يَفْتَحُ، اِفْتَحْ...جَعَلَ، يَجْعَلُ، اِجْعَلْ... | |
| 14. | সানা, রুকু, সিজদা | نَصَرَ، يَنْصُرُ، اُنْصُر...خَلَقَ، يَخْلُقُ، اُخْلُقْ... | |
| 15. | তাশাহহুদ | كَفَرَ، يَكْفُرُ، اُكْفُر... ذَكَرَ، يَذْكُرُ، اُذْكُرْ... | |
| 16. | দুরূদ | رَزَقَ، يَرْزُقُ... دَخَلَ، يَدْخُلُ... عَبَدَ، يَعْبُدُ... | |
| 17. | দুরূদ | ضَرَبَ، يَضْرِبُ... ظَلَمَ، يَظْلِمْ | |
| 18. | দুরূদের পর | ... غَفَرَ، يَغْفِرُ... | |
| 19. | দোয়াঃ ঘুমের সময় | سَمِعَ، يَسْمَعُ... عَلِمَ، يَعْلَمُ | |
| 20. | দোয়াঃ খাওয়ার সময় | ... عَمِلَ، يَعْمَلُ... | |
| 21. | কোর্‌আন থেকে নেয়া দোয়া | قَالَ، يَقُولُ، قُلْ... | |
| 22. | অন্যান্য - ১ | كَانَ، يَكُونُ، كُنْ... | |
| 23. | অন্যান্য - ২ | دَعَا، يَدْعُوا،... شَاءَ، يَشَاءُ، جَاءَ، يَجِيءُ، | |
| 24. | অন্যান্য - ৩ | هٰذَا، هٰؤُلاَء، ذٰلِكَ، أُولٰئِكَ، الَّذِي، الَّذِينَ | |
| 25. | অহরহ (frequent) শব্দ - ১ | | |
| 26. | অহরহ (frequent) শব্দ - ২ | | |
| 27. | কোর্সের শেষে? | | |


www.priyoboi.com

# গুরুত্বপূর্ণ নির্দেশিকা

**পূর্বশর্তঃ** আরবী লেখা পড়তে পারতে হবে।

**স্থায়িত্বঃ** ৯ ঘণ্টা (২ থেকে ৩টা সেশন উত্তম)।

**শর্ট কোর্সটির কার্যকারিতা বাড়ানোর কিছু পন্থাঃ**

- আমরা ভালোবাসা, আনন্দ আর সহজতার সঙ্গে শিখব।
- এই শর্ট কোর্সটি পুরোপুরি অংশগ্রহণমূলক (interactive)। সুতরাং মনোযোগের সঙ্গে শুনতে হবে এবং পুরো সময় ধরেই অংশ নিতে হবে।
- যেহেতু আমরা চর্চা করছি, তাই আপনি ভুল করলেও কোন সমস্যা নেই। শুরুতে ভুল না করে কেউই শিখতে পারে না।
- যত বেশি চর্চা করা যাবে, তত বেশি লাভ হবে। আর এতে অনেক ভুল হলেও ক্ষতি নেই।
- এই গুরুত্বপূর্ণ নিয়মটি (golden rule) মনে রাখুনঃ

**আমি শ্রবণ করি, আমি বিস্মৃত হই। আমি দর্শণ করি, আমি স্মরণ করি। আমি চর্চা করি, আমি শিক্ষা লাভ করি।**

- শেখার ৩ স্তরের কথা খেয়াল রাখুনঃ
  - শ্রবণ (Listening) (মনোযোগ ছাড়া)। আপনার কান কেবল আওয়াজ (noises) শুনছে।
  - অযত্ন (carelessly) বা সন্দেহ নিয়ে শ্রবণ।
  - অংশগ্রহণের সঙ্গে শ্রবণ; পুরো মন দিয়ে শোনা; গুরুত্বপূর্ণ অংশে তৎক্ষণাৎ সাড়া দেয়া।
- উৎসাহমূলক ও শিক্ষণবিষয়ক উপদেশ (MOTIVATIONAL AND LEARNING TIPS) এর শেষে খালি জায়গায় আপনি নোট নিতে পারেন বা আপনার অভিজ্ঞতার কোন অংশ লিখে রাখতে পারেন। জায়গা সঙ্কুলান না হলে কাগজের উল্টা পিঠ ব্যবহার করতে পারেন।
- প্রতিটি পাঠের শেষে ব্যাকরণের আলোচনা রয়েছে। ব্যাকরণের অংশটি মূল পাঠের সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত নয়। এর কারণ হলো প্রথম ক্লাসেই পাঠের ব্যাকরণ বিশ্লেষণ করলে তা খুব জটিল মনে হবে। সেক্ষেত্রে সুরাহ আলোচনা করার পূর্বে আলাদাভাবে ব্যাকরণ শেখানো দরকার হয়ে পড়বে। এ জন্য, আপনি যে শব্দগুলি সুরাহ-এর মাধ্যমে শিখবেন তার পাশাপাশি ব্যাকরণের এই পাঠগুলি আপনার আরবী ব্যাকরণের ভিত্তি গড়ে তুলবে।
- **৭টি বাড়ির কাজ করতে ভুলবেন না।** বাড়ির কাজগুলি কোর্স চলাকালীন সময় ব্যাখ্যা করা হবে। এবং **সবচেয়ে গুরুত্বপূর্ণ** ব্যাপারঃ শব্দভাণ্ডারের কাগজটি আপনার সঙ্গে বহন করতে এবং দিনে অন্তত ৫ বার তা পড়তে ভুলবেন না।

**৭টি বাড়ির কাজঃ**

**তেলাওয়াতের জন্য ২টিঃ**

১। মুসহাফ থেকে অন্তত ৫ মিনিট কোর্‌আন তেলাওয়াত (নবীনদের জন্য)।

২। হাঁটাচলা বা অন্যান্য কাজের মধ্যে মুখস্ত থেকে অন্তত ৫ মিনিট কোর্‌আন তেলাওয়াত।

**পড়াশুনার (study) জন্য ২টিঃ**

১। অন্তত ৫ মিনিট শব্দ থেকে শব্দে অনুবাদ শিক্ষা (অথবা নবীনদের জন্য এই বই থেকে)।

২। ৩০ সেকেন্ডের জন্য শব্দভাণ্ডারের পুস্তিকা বা কাগজটি পড়া, যা প্রত্যেক সালাতের আগে বা পরে অথবা অন্য কোন সুবিধাজনক সময়ে করতে পারলে উত্তম। কোর্সটি শেষ না করা পর্যন্ত সর্বদা শব্দভাণ্ডারের কাগজটি আপনার সঙ্গে বহন করুন।

**শ্রবণ ও কথোপকথনের জন্য ২টিঃ**

১। শব্দে-শব্দে অনুবাদসহ কোরআন তেলাওয়াত রেকর্ড করা আছে এমন টেপ শোনা (গাড়ি চালানোর সময় বা বাড়িতে গৃহস্থালি কাজ করার সময়)। যদি এরকম টেপ পাওয়া না যায়, তবে আপনি নিজেই এই কোর্সের বিষয়বস্তু রেকর্ড করতে পারেন।

২। আপনার সহকর্মীর সঙ্গে প্রতিদিন ১ মিনিট পাঠ নিয়ে কথোপকথন (যদি আপনি কোন ক্লাসে কোর্সটি করেন)।

**শেষটি এই কোর্স ব্যবহারের জন্যঃ**


১। কোর্‌আনের শেষ ১৪টি সূরাহ ধারাবাহিকভাবে (in rotation) প্রতিদিনের সুন্নাহ ও নফল নামাযে তেলাওয়াত করা।

**দোয়ার ক্ষেত্রে ২টি অতিরিক্ত বাড়ির কাজ (i) নিজের জন্য رَبِّ زِدْنِي عِلْمًا; এবং (ii) অন্যদের জন্য, যেন আল্লাহ্‌ আমাদের সবাইকে কোর্‌আনের প্রতি আমাদের যে দায়িত্ব রয়েছে তা পূর্ণ করার তাওফিক দান করেন।**

- **এবং সর্বশেষঃ শেখার শ্রেষ্ঠ উপায় হলো অন্যকে শেখানো। আর কাউকে শেখানোর শ্রেষ্ঠ উপায় হলো তাকে শিক্ষকে পরিণত করা।**

**লোগো বিষয়েঃ**

DPPR: Direct (সরাসরি), Personal (ব্যক্তিগত), Planned (পরিকল্পিত), Relevant (সম্পর্কযুক্ত)



# পাঠ - ১ উপক্রমণিকা

| | | | |
|---|---|---|---|
| مُبَارَكٌ | إِلَيْكَ | أَنزَلْنَاهُ | كِتَابٌ ১: |
| কল্যাণময় | তোমার প্রতি (হে! মোহাম্মাদ (সাঃ)) | আমরা এটি অবতীর্ণ করেছি | একটি বই |
| وَلِيَتَذَكَّرَ أُوْلُوا الْأَلْبَابِ (ص: ২৯) | | آيَاتِهِ | لِيَدَّبَّرُوا |
| এবং বোধশক্তি সম্পন্ন ব্যক্তিগণ গ্রহণ করে উপদেশ | | এর আয়াতসমূহ | যেন তারা অনুধাবন করে |

## শর্ট কোর্সের উদ্দেশ্যসমূহ

- প্রমাণ করা যে কোর্আন শেখা সহজ
- মানুষকে অর্থসহ নিয়মিত কোর্আন তেলাওয়াত করতে উৎসাহিত করা
- কোর্আনের সঙ্গে সম্পর্ক (interaction) স্থাপনে সাহায্য করা (কীভাবে একে আমাদের জীবনের অংশ করা যায়)
- কীভাবে কার্যকারিতার সংগে সালাত আদায় করা যায়
- দলবদ্ধভাবে কাজ করতে উৎসাহিত করা

## কোরআন অনুধাবন বনাম আরবী ভাষা শিক্ষণ (আমাদের পদ্ধতিতে ৪টি প্রধান পার্থক্য)

- সালাত দিয়ে শুরু করা (যদি আপনি কোর্আন অনুধাবন করতে চান, তবে কেন অন্য কিছু দিয়ে শুরু করবেন...)
- গ্রহণের (Reception) উপর জোর দেয়া (শোনা ও পড়া)
- শব্দভাণ্ডারের (vocabulary) উপর বেশি জোর দেয়া
- 'নাহু' (বাক্য প্রকরণ)-এর তুলনায় 'সর্ফ' (শব্দ প্রকরণ)-এর উপর বেশি জোর দেয়া

## কোরআনের সংগে আমাদের সম্পর্ক

- সরাসরি(Direct)
- ব্যক্তিগত(Personal)
- পরিকল্পিত(Planned)
- সম্পর্কিত/প্রয়োজনীয়(Relevant)

## تدبُّر ও تذكُّر : একটি সহজ পদ্ধতি

- জিজ্ঞাসা(ASK): কোর্আনের প্রতিটি আয়াত আমাদের কাছ থেকে কিছু দাবি করে। আর তা পূরণ করার জন্য, দোয়া দিয়ে শুরু করুন।
- মূল্যায়ন(EVALUATE) (সেই দোয়ার আলোকে আপনার গত দিন বা গত সপ্তাহ)
- পরবর্তী দিন বা সপ্তাহের জন্য একটি পরিকল্পনা করুন।
- PROPAGATE the message (The Prophet pbuh said: Convey from me even if it is one verse).

## পরিকল্পনা করার সময়

- কোনো দল (group) বা ফিক্হের বিষয় বা নতুন কোনো প্রস্তাবের (idea) ক্ষেত্রে অন্যকে জানানো বা নিজে অনুশীলন করার পূর্বে অনুগ্রহ করে আলিমদের পরামর্শ নিন।
- তাহলে আমাদের মত সাধারণ মানুষদের জন্য প্রকৃত ক্ষেত্র কী?
- আল্লাহ্‌র সংগে সম্পর্ক, রাসূলের (সাঃ) অনুসরণ, আখিরাতের জন্য পরিকল্পনা, যিকির, ইবাদত, ন্যায়বর্তিতা, আদান-প্রদান, দাওয়া, ইসলাম প্রচার ও প্রসার, সৎ কাজের আদেশ ও অসৎ কাজে বাধা, দলবদ্ধ ভাবে কাজ করা ইত্যাদি।

# পাঠ - ২ উপক্রমণিকা

| | | | |
|---|---|---|---|
| لِلذِّكْرِ | يَسَّرْنَا الْقُرْآنَ | وَلَقَدْ | :১ |
| উপদেশ গ্রহণের জন্য | আমরা কোর্‌আনকে সহজ করে দিয়েছি | এবং অবশ্যই | |
| ( ৪০ ،৩২ ،২২ ،১৭ :قمر) مِن مُّدَّكِرٍ | | فَهَلْ | |
| কেউ যে উপদেশ গ্রহণ করবে? | | অতএব আছে কি | |

ذِكْر : (১) মুখস্ত করা; (২) অনুধাবন ও শিক্ষা গ্রহণ করা

| | | | | |
|---|---|---|---|---|
| (بخارى) وَعَلَّمَهُ | تَعَلَّمَ الْقُرْآنَ | مَّنْ | خَيْرُكُمْ | :২ |
| এবং তা শেখায় (অন্যকে) | কোর্‌আন শিক্ষা করে | যে | তোমাদের মধ্যে শ্রেষ্ঠ | |

| | | | |
|---|---|---|---|
| (بخارى) | بِالنِّيَّاتِ | إِنَّمَا الْأَعْمَالُ | :৩ |
| (বুখারী) | নিয়াতের উপর | কর্মের (ভিত্তি) কেবল | |

**ব্যাকরণ:** **এই শব্দগুলি TPI (Total Physical Interaction) ব্যবহার করে শিখুন, বা-দিকের বক্‌সে (box) যা ব্যাখ্যা করা হয়েছেঃ**

| | বিযুক্ত/ ব্যক্তিগত সর্বনাম (Detached / Personal Pronouns) | | বচন | পুরুষ |
|---|---|---|---|---|
| যখন আপনি বলবেন هُوَ (সে), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে ডান দিকে ইশারা করুন, যদি সেই ব্যক্তি আপনার ডান দিকে থাকে। যখন আপনি বলবেন هُمْ (তারা), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে ডান দিকে ইশারা করুন। **ক্লাসের মধ্যে, শিক্ষক এবং ছাত্র একসঙ্গে এটি অনুশীলন করবেন।** | সে | هُوَ | এক | 3rd |
| | তারা | هُمْ | বহু | |
| যখন আপনি বলবেন أَنْتَ (তুমি), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে সামনের দিকে ইশারা করুন। যখন আপনি বলবেন أَنْتُمْ (তোমরা সবাই), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে ছাত্রদের দিকে ইশারা করুন। ক্লাসের মধ্যে, শিক্ষক তার আংগুল দিয়ে ছাত্রদের দিকে এবং ছাত্ররা তাদের আংগুল দিয়ে শিক্ষকের দিকে ইশারা করবে। | তুমি | أَنْتَ | এক | 2nd |
| | তোমরা সবাই | أَنْتُمْ | বহু | |
| যখন আপনি বলবেন أَنَا (আমি), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে নিজের দিকে ইশারা করুন। যখন আপনি বলবেন نَحْنُ (আমরা), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে নিজের দিকে ইশারা করুন। | আমি | أَنَا | এক | 1st |
| | আমরা | نَحْنُ | দ্বি, বহু | |

# পাঠ - ৩ উপক্রমণিকা

| | | | | |
|---|---|---|---|---|
| (طه : ১১৪) | عِلْمًا | زِدْنِي | رَبِّ | :১ |
| | জ্ঞানে | আমাকে সমৃদ্ধ কর | হে আমার প্রতিপালক! | |

| | | | | |
|---|---|---|---|---|
| (العلق: ৪) | بِالْقَلَمِ | عَلَّمَ | الَّذِي | :২ |
| | কলমের সাহায্যে | শিক্ষা দিয়েছেন | যিনি | |

| | | | | |
|---|---|---|---|---|
| (الملك: ২) | عَمَلاً | أَحْسَنُ | أَيُّكُمْ | :৩ |
| | কর্মে? | উত্তম | তোমাদের মধ্যে কে | |

## ব্যাকরণ:

| | সর্বনাম (Pronouns) (উদাহরণসহ) | | বচন | পুরুষ |
|---|---|---|---|---|
| এই ৬টি শব্দ অনুবাদ সহকারে প্রথম ৩ বার অনুশীলন করুন; অর্থাৎ, ইশারা করুন এবং বলুন هُوَ সে, هُمْ তারা, أَنْتَ তুমি, أَنْتُمْ তোমরা সবাই, أَنَا আমি, نَحْنُ আমরা। যেহেতু আপনি ইশারার মাধ্যমেই অর্থ প্রকাশ করছেন, তাই প্রথম ৩দফা অনুশীলনের পর আর অনুবাদ করার দরকার নেই। কেবল বলুন هُوَ، هُمْ، أَنْتَ، أَنْتُمْ، أَنَا، نَحْنُ. **TPI** ব্যবহারের অনেক ফায়দার মধ্যে এটি হলো একটি। শব্দগুলির অনুবাদ ছাড়াই এই অনুশীলনটি করতে থাকুন। **TPI ব্যবহার করে কেবল ৫ মিনিট অনুশীলন করলে এরকম শব্দ শেখা ছাড়াও আরো অনেক বিষয়ই খুব সহজ হয়ে যাবে! আরও খেয়াল করুন যে, অনুশীলন করার সময় পারিভাষিক শব্দ (terminologies) মনে রাখা নিয়ে চিন্তিত হওয়ার কিছু নেই। কেবল এই ৬টি শব্দ এবং তাদের অর্থের দিকে মনোযোগ দিন।** | সে একজন মুসলিম | هُوَ مُسْلِم | এক | *3rd* |
| | তারা মুসলিম | هُمْ مُسْلِمُونَ | বহু | |
| | তুমি একজন মুসলিম | أَنْتَ مُسْلِم | এক | *2nd* |
| | তোমরা মুসলিম | أَنْتُمْ مُسْلِمُونَ | বহু | |
| | আমি একজন মুসলিম | أَنَا مُسْلِم | এক | *1st* |
| | আমরা মুসলিম | نَحْنُ مُسْلِمُونَ | দ্বি, বহু | |

অবিচ্ছিন্ন বহুবচন (Soild plurals) তৈরির নিয়ম খেয়াল করুন (শেষে কেবল ون বা ين যুক্ত করুন)। অনেক নিয়মের মধ্যে এটি একটি।

مُسْلِم ← مُسْلِمُون، مُسْلِمِين　　مُؤْمِن ← مُؤْمِنُون، مُؤْمِنِين

صَالِح ← صَالِحُون ، صَالِحِين　　كَافِر ← كَافِرُون ،كَافِرِين

مُشْرِك ← مُشْرِكُون، مُشْرِكِين　　مُنَافِق ← مُنَافِقُون، مُنَافِقِين

# পাঠ - ৪ সূরা ১: ফাতিহা (আয়াত ১-৪)

* আমি বিতাড়িত শয়তান থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করছি

------------------

১. শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অসীম দয়ালু

২. সমস্ত প্রশংসা আল্লাহর জন্য যিনি সমস্ত বিশ্বের প্রতিপালক

৩. যিনি পরম করুণাময়, অসীম দয়ালু

৪. যিনি প্রতিফল দিবসের মালিক

| | | | |
|---|---|---|---|
| الرَّجِيمِ % | مِنَ الشَّيْطَانِ | بِاللهِ | أَعُوذُ |
| বিতাড়িত | শয়তান থেকে | আল্লাহর নিকট | আমি আশ্রয় প্রার্থনা করছি |

******************** سُورَةُ الفَاتِحَةِ: بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ********************

| | | | |
|---|---|---|---|
| الرَّحِيمِ (১) | الرَّحْمٰنِ | اللهِ | بِسْمِ |
| অসীম দয়ালু | পরম করুণাময় | আল্লাহর | নামে |

| | | | |
|---|---|---|---|
| الْعَالَمِينَ (২) | رَبِّ | لِلّٰهِ | اَلْحَمْدُ |
| সমস্ত বিশ্ব | প্রতিপালক | আল্লাহর জন্য | সমস্ত প্রশংসা |

| | | | | |
|---|---|---|---|---|
| الدِّينِ (৪) | يَوْمِ | مَالِكِ | الرَّحِيمِ (৩) | الرَّحْمٰنِ |
| প্রতিফল | দিবস | মালিক | অসীম দয়ালু | পরম করুণাময় |

**ব্যাকরণ:** নিচের ব্যাকরণের অংশটি মূল পাঠের সঙ্গে সরাসরি সম্পর্কযুক্ত নয়। এর কারণ হলো প্রথম ক্লাসেই পাঠের ব্যাকরণ বিশ্লেষণ করলে তা খুব জটিল মনে হবে। সেক্ষেত্রে সুরাহ আলোচনা করার পূর্বে আলাদাভাবে ব্যাকরণ শেখানো দরকার হয়ে পড়বে। এ জন্য, আপনি যে শব্দগুলি সুরাহ-এর মাধ্যমে শিখবেন তার পাশাপাশি ব্যাকরণের এই পাঠগুলি আপনার আরবী ব্যাকরণের ভিত্তি গড়ে তুলবে।

| رَبّ + ... | যুক্ত (Attached/Possessive) | | বচন | পুরুষ |
|---|---|---|---|---|
| رَبُّهُ | তার | --هُ --هِ | এক | 3rd |
| رَبُّهُمْ | তাদের | --هُمْ --هِمْ | বহু | |
| رَبُّكَ | তোমার | ---كَ | এক | 2nd |
| رَبُّكُمْ | তোমাদের | ---كُمْ | বহু | |
| رَبِّي | আমার | ---ي | এক | 1st |
| رَبُّنَا | আমাদের | ---نَا | দ্বি বহু | |

# পাঠ - ৫  সূরা ১: ফাতিহা (আয়াত ৫-৭)

৫. আমরা অপনারই ইবাদত করি এবং আপনারই সাহায্য প্রার্থণা করি।

৬. আমাদেরকে সরল পথ প্রদর্শন করুন।

৭. ঐ লোকদের পথ যাদের প্রতি আপনি অনুগ্রহ করেছেন

৮. তাদের পথ নয়, যাদের প্রতি আপনার গযব বর্ষিত হয়েছে, আর না তাদের পথ যারা পথভ্রষ্ট হয়ে গিয়েছে।

| | | | | |
|---|---|---|---|---|
| اهْدِنَا | نَسْتَعِينُ (৫) | وَإِيَّاكَ | نَعْبُدُ | إِيَّاكَ |
| প্রদর্শন করুন | আমরা সাহায্য প্রার্থণা করি | এবং শুধু আপনার কাছে | আমরা ইবাদত করি | কেবল আপনার |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| عَلَيْهِمْ | أَنْعَمْتَ | الَّذِينَ | صِرَاطَ | الْمُسْتَقِيمَ (৬) | الصِّرَاطَ |
| তাদের প্রতি | আপনি অনুগ্রহ করেছেন | যারা | পথ | সরল | পথ |

| | | | | |
|---|---|---|---|---|
| الضَّآلِّينَ (৭) | وَلَا | عَلَيْهِمْ | الْمَغْضُوبِ | غَيْرِ |
| যারাs পথভ্রষ্ট | এবং না | তাদের নিজেদের উপর | যারা আল্লাহর ক্রোধের পাত্র হয়েছে | না |

**ব্যাকরণ:**

| বই ... + كِتَاب | | জীবন বিধান... + دِين | | যুক্ত (Attached/Possessive) | | বচন | পুরুষ |
|---|---|---|---|---|---|---|---|
| তার বই | كِتَابُهُ | তার জীবন বিধান / ধর্ম | دِينُهُ | তার | ـهُ-- ـهِ-- | এক | *3rd* |
| তাদের বই | كِتَابُهُمْ | তাদের জীবন বিধান / ধর্ম | دِينُهُمْ | তাদের | ـهُمْ-- ـهِمْ-- | বহু | |
| তোমার বই | كِتَابُكَ | তোমার জীবন বিধান / ধর্ম | دِينُكَ | তোমার | ---كَ | এক | *2nd* |
| তোমাদের বই | كِتَابُكُمْ | তোমাদের জীবন বিধান / ধর্ম | دِينُكُمْ | তোমাদের | ---كُمْ | বহু | |
| আমার বই | كِتَابِي | আমার জীবন বিধান / ধর্ম | دِينِي | আমার | ---ي | এক | *1st* |
| আমাদের বই | كِتَابُنَا | আমাদের জীবন বিধান / ধর্ম | دِينُنَا | আমাদের | ---نَا | বহু | |

**هِيَ:** সে (স্ত্রী)، **رَبُّهَا:** তার (স্ত্রী) প্রতিপালক ، **دِينُهَا:** তার (স্ত্রী) জীবন বিধান ، **كِتَابُهَا:** তার (স্ত্রী) বই

স্ত্রী-বাচক শব্দ (feminine gender) তৈরির নিয়ম খেয়াল করুন (শেষে কেবল ة যুক্ত করুন)। অনেক নিয়মের মধ্যে এটি একটি। এর বহুবচন তৈরীর জন্য শেষে কেবল ات যুক্ত করুন (ة মুছে ফেলার পরে)।

مُسْلِمْ ← مُسْلِمَة مُسْلِمَات

صَالِح ← صَالِحَة صَالِحَات

مُشْرِك ← مُشْرِكَة مُشْرِكَات

مُؤْمِن ← مُؤْمِنَة مُؤْمِنَات

كَافِر ← كَافِرَة كَافِرَات

مُنَافِق ← مُنَافِقَة مُنَافِقَات

# পাঠ - ৬ সূরা ১০৩: আসর

১। মহাকালের শপথ
২। অবশ্যই মানুষ ক্ষতির মধ্যে রয়েছে
৩। তারা ব্যতীত যারা ঈমান আনে এবং সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় এবং পরস্পরকে ধৈর্যের উপদেশ দেয়

********************* سُورَةُ العَصْرِ: بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ *********************

| إِلاَّ | خُسْرٍ (٢) | لَفِي | الْإِنسَانَ | إِنَّ | وَالْعَصْرِ (١) |
|---|---|---|---|---|---|
| ব্যতীত | ক্ষতির | মধ্যে | মানুষ | অবশ্যই | মহাকালের শপথ |

| وَتَوَاصَوْا | الصَّالِحَاتِ | وَعَمِلُوا | اٰمَنُوا | الَّذِينَ |
|---|---|---|---|---|
| এবং পরস্পরকে উপদেশ দেয় | সৎকর্ম | এবং পালন করে | ঈমান আনে | তারা |

| بِالصَّبْرِ (٣) | وَتَوَاصَوْا | بِالْحَقِّ |
|---|---|---|
| ধৈযরে | এবং পরস্পরকে উপদেশ দেয় | সত্যের |

## ব্যাকরণ:

| | সাথে | হতে, সম্পর্কে, সাথে | থেকে | জন্য |
|---|---|---|---|---|
| **অব্যয়ের অর্থ মনে রাখার জন্য কিছু উদাহরণমূলক বাক্য**<br>لَ: لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ،<br>مِن: أَعُوذُ بِاللهِ مِنَ الشَّيْطَانِ،<br>عَن: عَنِ النَّعِيمِ، رَضِيَ اللهُ عَنهُ<br>مَعَ: إِنَّ اللهَ مَعَ الصَّابِرِين<br>খেয়াল করুন, যখন একটি অব্যয় কোনো একটি ক্রিয়া বা ক্রিয়াবাচক বিশেষ্যের সঙ্গে আসে, তখন অব্যয়টির অর্থ সেই ক্রিয়ার অর্থ এবং যে ভাষায় অনুবাদ করা হচ্ছে সে অনুযায়ী পরিবর্তিত হয়। এখানেও T P I ব্যবহার করুন। | مَعَهُ | عَنْهُ | مِنْهُ | لَهُ |
| | مَعَهُمْ | عَنْهُمْ | مِنْهُمْ | لَهُمْ |
| | مَعَكَ | عَنْكَ | مِنْكَ | لَكَ |
| | مَعَكُمْ | عَنْكُمْ | مِنْكُمْ | لَكُمْ |
| | مَعِي | عَنِّي | مِنِّي | لِي |
| | مَعَنَا | عَنَّا | مِنَّا | لَنَا |
| | مَعَهَا | عَنْهَا | مِنْهَا | لَهَا |

# পাঠ - ৭ সূরা ১১০: নাসর

১. যখন আল্লাহর সাহায্য আসবে ও বিজয় লাভ হবে

২. আর তুমি দেখতে পাবে যে লোকেরা দলে দলে আল্লাহর দ্বীনে দাখিল হচ্ছে

৩. তখন তুমি তোমার রবের প্রশংসাসহ তাসবীহ্ কর এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা কর। নিঃসন্দেহে তিনি বড়ই তাওবা গ্রহণকারী।

******************** سُورَةُ النَّصْر : بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ********************

| | | | |
|---|---|---|---|
| وَالْفَتْحُ (١) | نَصْرُ اللهِ | جَآءَ | إِذَا |
| ও বিজয় | আল্লাহর সাহায্য | আসবে | যখন |

| | | | | |
|---|---|---|---|---|
| أَفْوَاجًا (٢) | دِينِ اللهِ | يَدْخُلُونَ فِي | النَّاسَ | وَرَأَيْتَ |
| দলে দলে | আল্লাহর দ্বীনের | প্রবেশ করছে মধ্যে | লোকদেরকে | এবং তুমি দেখবে |

| | | |
|---|---|---|
| رَ بِّكَ | بِحَمْدِ | فَسَبِّحْ |
| তোমার রবের | প্রশংসার সঙ্গে | তখন তুমি তাসবীহ করবে |
| كَانَ تَوَّابًا (٣) | إِنَّهُ | وَاسْتَغْفِرْهُ |
| হলেন তাওবা গ্রহণকারী | নিশ্চয় তিনি | এবং তার ক্ষমা চাও |

## ব্যাকরণ:

**অব্যয়ের অর্থ মনে রাখার জন্য কিছু উদাহরণমূলক বাক্য**

بِ: بِسْمِ اللهِ

فِي: فِي سَبِيلِ اللهِ

عَلَى: السَّلَامُ عَلَيْكُمْ

إِلَى: إِنَّا لِلّٰهِ وَإِنَّا إِلَيْهِ رَاجِعُونَ

খেয়াল করুন, যখন একটি অব্যয় কোনো একটি ক্রিয়া বা ক্রিয়াবাচক বিশেষ্যের সঙ্গে আসে, তখন অব্যয়টির অর্থ সেই ক্রিয়ার অর্থ এবং যে ভাষায় অনুবাদ করা হচ্ছে সে অনুযায়ী পরিবর্তিত হয়। এখানেও T P I ব্যবহার করুন।

| to, দিকে | উপরে | মাঝে | সাথে, মাঝে |
|---|---|---|---|
| إِلَيْهِ | عَلَيْهِ | فِيهِ | بِهِ |
| إِلَيْهِمْ | عَلَيْهِمْ | فِيهِمْ | بِهِمْ |
| إِلَيْكَ | عَلَيْكَ | فِيكَ | بِكَ |
| إِلَيْكُمْ | عَلَيْكُمْ | فِيكُمْ | بِكُمْ |
| إِلَيَّ | عَلَيَّ | فِيَّ | بِي |
| إِلَيْنَا | عَلَيْنَا | فِينَا | بِنَا |
| إِلَيْهَا | عَلَيْهَا | فِيهَا | بِهَا |

# পাঠ - ৮  সূরা ১১২: ইখলাস

১. বল, তিনি আল্লাহ্ এক

২. আল্লাহ্ অমুখাপেক্ষী

৩. না তাঁর কোন সন্তান আছে, আর না তিনি কারো সন্তান

৪. আর কেউই তার সমতুল্য নয়

| ******************** سورة الإخلاص : بسم الله الرَّحْمٰنِ الرَّحِيمِ ******************** | | | | |
|---|---|---|---|---|
| اَللّٰهُ | أَحَدٌ (১) | اللّٰهُ | هُوَ | قُلْ |
| আল্লাহ & | (যিনি) এক | আল্লাহ & | তিনি | বল |
| يُولَدْ (৩) | وَلَمْ | لَمْ يَلِدْ | الصَّمَدُ (২) | |
| তাঁকে জন্ম দেয়া হয়েছে | এবং না | তিনি (কাউকে) জন্ম দেন নাই | অমুখাপেক্ষী | |
| أَحَدٌ (৪) | كُفُوًا | لَّهُ | وَ لَمْ يَكُنْ | |
| কেউই | সমতুল্য | তাঁর | এবং নাই | |

**ব্যাকরণ:** (অব্যয় বিষয়ে ৪টি উপদেশ)

১. একই বিষয় বিভিন্ন ভাষায় বিভিন্ন অব্যয় ব্যবহার করে প্রকাশ করা হয়। উদাহরণস্বরূপঃ

آمَنْتُ بِاللّٰهِ    আমি আল্লাহ্-তে বিশ্বাস করলাম;    میں اللہ پر ایمان لایا (উর্দু)

উপরিউক্ত ৩ ভাষার ৩টি বাক্যে একই অর্থ প্রকাশ করা হয়েছে, অর্থাৎ আমি বিশ্বাস করলাম, কিন্তু প্রতিটি ভাষায় আলাদা অব্যয় ব্যবহার করা হয়েছে।

আবার একই ভাষার ক্ষেত্রে, ক্রিয়ার উপর ভিত্তি করে কখনো অব্যয় প্রয়োজন হতে পারে, অথবা নাও হতে পারেঃ

উদাহরণঃ  আমি তাকে বললাম; আমি তার সঙ্গে গেলাম।

২. কখনো আরবীতে অব্যয় ব্যবহার করা হলেও, বাংলায় (বা অন্য ভাষায়) তা প্রয়োজন নাও হতে পারে। উদাহরণস্বরূপঃ

| | |
|---|---|
| আল্লাহর দ্বীনে প্রবেশ করে (তারা সবাই) | يَدْخُلُونَ فِي دِينِ اللّٰهِ |
| আমাকে ক্ষমা করুন | اغْفِرْلِي |

৩. আবার কখনো আরবীতে অব্যয় ব্যবহার না করা হলেও, বাংলায় (বা অন্য ভাষায়) তা প্রয়োজন হতে পারে।

| | |
|---|---|
| আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থণা করি | أَسْتَغْفِرُ اللّٰه |
| এবং আমার প্রতি দয়া করুন | وَارْحَمْنِي |

৪. অব্যয়ের পরিবর্তনের সঙ্গে অর্থেরও পরিবর্তন হয়ঃ

উদাহরণ স্বরূপ, ইংরেজীতেঃ get; get in; get out; get off; get on
উদাহরণ স্বরূপ, আরবীতেঃ صَلِّ عَلَى مُحَمَّد    صَلِّ لِرَبِّكَ

# পাঠ - ৯  সূরা ১১৩: ফালাক

১। বল, “আমি শরণ নিচ্ছি উষার স্রষ্টার

২। যা তিনি সৃষ্টি করেছেন তার অনিষ্ট থেকে

৩। এবং রাত্রির অন্ধকারের অনিষ্ট থেকে যখন তা গভীর হয়

৪। এবং যারা গ্রন্থিতে  ফুৎকার দেয় তাদের অনিষ্ট  থেকে

৫। এবং হিংসুকের অনিষ্ট  থেকে যখন সে হিংসা করে”

| ******************** بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ : سورة الفلق ************************ | | | | | |
|---|---|---|---|---|---|
| شَرِّ | مِن | الْفَلَقِ (১) | بِرَبِّ | أَعُوذُ | قُلْ |
| অনিষ্ট | থেকে | উষার | স্রষ্টার | “আমি শরণ নিচ্ছি | বল, |
| إِذَا | غَاسِقٍ | شَرِّ | وَمِن | خَلَقَ (২) | مَا |
| যখন | রাত্রির অন্ধকারের | অনিষ্ট | এবং থেকে | তিনি সৃষ্টি করেছেন | যা |
| فِي الْعُقَدِ (৪) | النَّفَّاثَاتِ | وَمِن شَرِّ | وَقَبَ (৩) | | |
| গ্রন্থিতে | যারা ফুৎকার দেয় | এবং অনিষ্ট  থেকে | তা গভীর হয় | | |
| حَسَدَ (৫) | إِذَا | حَاسِدٍ | وَمِن شَرِّ | | |
| সে হিংসা করে” | যখন | হিংসুকের | এবং অনিষ্ট  থেকে | | |


## ব্যাকরণ: (পাঠ ৬-এ যা শিখেছেন তার পুনরাবৃত্তি):

১। যখন আপনি বলবেন فَعَلَ (He has done), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে ডান দিকে ইশারা করুন, যদি সেই ব্যক্তি আপনার ডান দিকে থাকে। যখন আপনি বলবেন فَعَلُوا (They did), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে ডান দিকে ইশারা করুন। **ক্লাসের মধ্যে, শিক্ষক এবং ছাত্র একসঙ্গে এটি অনুশীলন করবেন।**

২। যখন আপনি বলবেন فَعَلْتَ (You did), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে সামনের দিকে ইশারা করুন। যখন আপনি বলবেন فَعَلْتُمْ (All of you did), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে ছাত্রদের দিকে ইশারা করুন। ক্লাসের মধ্যে, শিক্ষক তার আংগুল দিয়ে ছাত্রদের দিকে এবং ছাত্ররা তাদের আংগুল দিয়ে শিক্ষকের দিকে ইশারা করবে।

৩। যখন আপনি বলবেন فَعَلْتُ (I did), তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে নিজের দিকে ইশারা করুন। যখন আপনি বলবেন فَعَلْنَا (we did), তখন আপনার ডান হাতের চারটি আংগুল দিয়ে নিজের দিকে ইশারা করুন।

| অতীত কাল فِعْل مَاضِي | | পুরুষ |
|---|---|---|
| সে করেছে | فَعَلَ | 3rd |
| তারা সবাই করেছে | فَعَلُوا | |
| তুমি করেছ | فَعَلْتَ | 2nd |
| তোমরা সবাই করেছ | فَعَلْتُمْ | |
| আমি করেছি | فَعَلْتُ | 1st |
| আমরা করেছি | فَعَلْنَا | |




পুরুষ () (3rd, 2nd, or 1st), লিংগ (পুরুষ বা স্ত্রী), এবং বচন (এক বা বহু) এর উপর ভিত্তি করে ক্রিয়ার অতীত কালের শেষের অংশ পরিবর্তিত হয়।  এই পরিবর্তন থেকেই ক্রিয়ার লিংগ, বচন ও পুরুষ বোঝা যায়। একটি উদাহরণের মাধ্যমে এই বিষয়টি মনে রাখা যেতে পারে।  রাস্তায় দাঁড়িয়ে আপনি চলে যাওয়া কোনো গাড়ি, ট্রাক বা জিপের পেছনের অংশ দেখতে পাবেন। কেবল পেছনের অংশটি দেখেই আপনি বলে দিতে পারেন কী জাতীয় গাড়ি রাস্তাটি অতিক্রম করল। সুতরাং, ক্রিয়ার অতীত কালের শেষের অংশ মনে রাখুনঃ ( ـَ، ـُوا، تَ، تُمْ، تُ، نَا ).

# পাঠ - ১০ সূরা ১১৪: নাস

১। বল, “আমি শরণ নিচ্ছি মানুষের প্রতিপালকের

২। মানুষের অধিপতির নিকট

৩। মানুষের ইলাহের নিকট

৪। আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট থেকে


৫। যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে

৬। জিনের মধ্যে থেকে এবং মানুষের মধ্যে থেকে”

| | | | | | |
|---|---|---|---|---|---|
| سورة النّاس : بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ************************* ************************* | | | | | |
| النَّاسِ (٢) | مَلِكِ | النَّاسِ (١) | بِرَبِّ | أَعُوذُ | قُلْ |
| মানুষের | অধিপতি | মানুষের | প্রতিপালকের | "আমি শরণ নিচ্ছি | বল, |
| الْوَسْوَاسِ | | مِن شَرِّ | | إِلَـٰهِ النَّاسِ (٣) | |
| কুমন্ত্রণাদাতার | | অনিষ্ট থেকে | | মানুষের ইলাহের নিকট, | |
| يُوَسْوِسُ | الَّذِي | الْخَنَّاسِ (8) | | | |
| কুমন্ত্রণা দেয় | যে | আত্মগোপনকারী | | | |
| وَالنَّاسِ (৬) | مِنَ الْجِنَّةِ | النَّاسِ (৫) | فِي صُدُورِ | | |
| এবং মানুষের মধ্যে থেকে" | জিনের মধ্যে থেকে | মানুষের | অন্তরে | | |

## ব্যাকরণ:

| | বর্তমান কাল (Imperfect tense) فِعْل مُضَارِع | | পুরুষ |
|---|---|---|---|
| ক্রিয়ার বর্তমান কালের বিভিন্ন কাঠামো অনুশীলনের জন্য আঙ্গুল দিয়ে ইশারা করার একই পদ্ধতি অনুসরণ করা যেতে পারে। অতীত ও বর্তমান কালের মধ্যে পার্থক্য করার পদ্ধতিঃ নিচু স্বরে অতীত কালের কাঠামোগুলি উচ্চারণ করুন এবং আপনার ডান হাতকে অপেক্ষাকৃত নিচু স্তরে রাখুন। বর্তমান কালের কাঠামোগুলি উচু স্বরে বলুন এবং ডান হাতকে উচু স্তরে রাখুন। | সে করে | يَفْعَلُ | 3rd |
| | তারা করে | يَفْعَلُونَ | |
| | তুমি কর | تَفْعَلُ | 2nd |
| | তোমরা সবাই কর | تَفْعَلُونَ | |
| | আমি করি | أَفْعَلُ | 1st |
| | আমরা করি | نَفْعَلُ | |
| | | | |



# পাঠ - ১১ সূরা ১০৯: কাফিরূন

১. বল, হে কাফিররা

২. আমি সেই রবের ইবাদত করি না যাদের তোমরা ইবাদত কর

৩. আর না তোমরা তার ইবাদত কর যার ইবাদত আমি করি

৪. আর না তোমরা তার ইবাদত করতে প্রস্তুত যার ইবাদত আমি করি

৫. তোমাদের জন্য তোমাদের দ্বীন আর আমাদের জন্য আমাদের দ্বীন

******************** سُورَةُ الْكَافِرُون: بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ ********************

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২) تَعْبُدُونَ | مَا | لاَ أَعْبُدُ | (১) الْكَافِرُونَ | يَاأَيُّهَا | قُلْ |
| তোমরা ইবাদত কর | যাদের | আমি ইবাদত করি না | কাফিররা | হে | বল |
| (৩) أَعْبُدُ | مَآ | عَابِدُونَ | وَلاَ أَنْتُمْ | | |
| আমি ইবাদত করি | যার | ইবাদতকারী | এবং তোমরা না | | |
| (8) عَبَدْتُّمْ | مَّا | عَابِدٌ | وَلاَ أَنَا | | |
| তোমরা ইবাদত করেছ | যাদের | ইবাদতকারী | আর না আমি | | |
| (৫) أَعْبُدُ | مَآ | عَابِدُونَ | وَلاَ أَنْتُمْ | | |
| আমি ইবাদত করি | যার | ইবাদতকারী | আর না তোমরা | | |
| (৬) دِينِ | وَلِيَ | دِينُكُمْ | لَكُمْ | | |
| আমার দ্বীন | আর আমার জন্য | তোমাদের দ্বীন | তোমাদের জন্য | | |

**ব্যাকরণ:** যখন সংযুক্ত সর্বনাম কোনো ক্রিয়ার সঙ্গে আসে, তখন সর্বনামটি 'কর্মে (o b j e c t )' পরিণত হয়। এখানে একটি উদাহরণ দেয়া হল। 'আমি'-এর পরিবর্তন খেয়াল করুন।

| তিনি (আল্লাহ)সৃষ্টি করেছেন... + خَلَقَ | | সংযুক্ত (ক্রিয়ার সংগে) At t a c h e d /P o s s e s s i v e (wi t h a VERB) | | বচন | পুরুষ |
|---|---|---|---|---|---|
| তাকে সৃষ্টি করেছেন | خَلَقَهُ | সে | --هُ --هٖ | এক | 3rd |
| তাদের সৃষ্টি করেছেন | خَلَقَهُمْ | তারা | --هُمْ --هِمْ | বহু | |
| তোমাকে সৃষ্টি করেছেন | خَلَقَكَ | তুমি | ---كَ | এক | 2nd |
| তোমাদের সবাইকে সৃষ্টি করেছেন | خَلَقَكُمْ | তোমরা | ---كُمْ | বহু | |
| আমাকে সৃষ্টি করেছেন | خَلَقَنِي | আমি | ---نِي *** | এক | 1st |
| আমাদের সৃষ্টি করেছেন | خَلَقَنَا | আমরা | ---نَا | দ্বি বহু | |

- যখন আপনি বলবেন اِفْعَلْ , তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে সামনের দিকে ইশারা করুন এবং আপনার হাতটিকে উচুঁ অবস্থান থেকে এমনভাবে নামিয়ে আনুন যেন আপনি আপনার সামনে উপস্থিত কাউকে নির্দেশ দিচ্ছেন। যখন আপনি বলবেন اِفْعَلُوا , তখনো আপনার ডান হাতের ৪টি আংগুল দিয়ে একই কাজ করুন।
- যখন আপনি বলবেন لاَ تَفْعَلْ , তখন আপনার ডান হাতের তর্জনী দিয়ে সামনের দিকে ইশারা করুন এবং আপনার হাতটিকে বা থেকে ডানে নাড়াতে থাকুন যেন আপনি কাউকে কোনো কিছু করতে নিষেধ করছেন। যখন আপনি বলবেন لاَ تَفْعَلُوا, তখনো আপনার ডান হাতের ৪টি আংগুল দিয়ে একই কাজ করুন।

| না-বোধক নির্দেশ نَهْيٌ (Negative Imperative) | | নির্দেশ (Imperative) أَمْرٌ | |
|---|---|---|---|
| | | | |
| করো না! | لاَ تَفْعَلْ | করো! | اِفْعَلْ |
| (তোমরা)করো না! | لاَ تَفْعَلُوا | করো (তোমরা সবাই)! | اِفْعَلُوا |
| | | | |

# পাঠ - ১২ ওযু (সালাতের অংশ থেকে)

আল্লাহর নামে শুরু করছি

| ***** ওযু শুরুর দোয়া ***** | | |
|---|---|---|
| | اللهِ | بِسْمِ |
| | আল্লাহর | নামে |

* আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ্ ছাড়া কোন ইলাহ্ নেই, তিনি এক, তাঁর কোন শরীক নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ (সাঃ) তাঁর বান্দা ও রাসূল।

হে আল্লাহ্, আপনি আমাকে তওবাকারী ও পবিত্রতা অর্জনকারীদের অন্তর্ভুক্ত করুন।

| ***** ওযু শেষ করার পর দোয়া ***** | | | | | |
|---|---|---|---|---|---|
| اللهُ | إِلاَّ | إِلَـهَ | لاَ | أَنْ | أَشْهَدُ |
| আল্লাহ্ | ছাড়া | ইলাহ্ | নাই | যে | আমি সাক্ষ্য দিচ্ছি |
| أَنَّ | وَأَشْهَدُ | لَهُ | لاَ شَرِيكَ | | وَحْدَهُ |
| যে | এবং আমি সাক্ষ্য দিচ্ছি | তাঁর | কোন শরীক নেই | | তিনি এক |
| اجْعَلْنِي | اَللّهُمَّ | وَرَسُولُهُ | عَبْدُهُ | | مُحَمَّدًا |
| আমাকে অন্তর্ভুক্ত করুন | হে আল্লাহ্ | এবং তাঁর রাসূল | তাঁর বান্দা | | মুহাম্মাদ (সাঃ) |
| الْمُتَطَهِّرِينَ | مِنَ | وَاجْعَلْنِي | التَّوَّابِينَ | | مِنَ |
| পবিত্রতা অর্জনকারী | মধ্যে | এবং আমাকে অন্তর্ভুক্ত করুন | তওবাকারী | | মধ্যে |

## ব্যাকরণ:

| | active participle; passive participle, and verbal noun |
|---|---|
| একটা সময় ছিল যখন মুসলিমরা বিশ্বকে দিয়েছে জ্ঞান, শিল্প, প্রযুক্তি। আর এখন অবস্থা ঠিক বিপরীত, যার কারণ কোরআনকে আমরা দূরে ঠেলে দিয়েছি। মনে রাখুন 'দেয়া'। | কর্তা فَاعِل |
| | কর্ম مَفْعُول |
| **যখন আপনি বলবেন فَاعِل (কর্তা), তখন ডান হাত দিয়ে এমন ভঙ্গি করুন যাতে মনে হয় যে আপনি কাউকে কিছু দিচ্ছেন; অর্থাৎ কোনো কাজ করছেন।** | ক্রিয়া (act) فِعْل |
| | |
| **যখন আপনি বলবেন مَفْعُول (কর্ম), তখন ডান হাত দিয়ে এমন ভঙ্গি করুন যাতে মনে হয় যে আপনি কারো থেকে কিছু নিচ্ছেন; অর্থাৎ সাহায্য দ্বারা উপকৃত হচ্ছেন।** | فَاعِلُون، فَاعِلِين বহু |
| **فعل (ক্রিয়া) বলার সময় ডান হাত মুষ্টিবদ্ধ অবস্থায় উচু করে তুলে ধরুন যাতে মনে হয় যে আপনি কাজের শক্তি বুঝাচ্ছেন।** | مَفْعُولُون، مَفْعُولِين বহু |

TPI ব্যবহার করে, فَعَلَ ১০৫ -র সম্পূর্ণ টেবিলটি অন্তত ৩ বার অনুশীলন করুন। পুরো টেবিলটি এই বইয়ের ৩২ পৃষ্ঠায় পাওয়া যাবে (এবং ৩৩ পৃষ্ঠায় স্ত্রী-লিঙ্গে)। ১০৫ সংখ্যাটি বুঝাচ্ছে যে এই ক্রিয়াটি কোরআনে ১০৫ এসেছে। ( فَعَلَ : সে করেছিল)

**فَعَلَ، فَعَلُوا، فَعَلْتَ، فَعَلْتُمْ، فَعَلْتُ، فَعَلْنَا**

**يَفْعَلُ, يَفْعَلُونَ, تَفْعَلُ, تَفْعَلُونَ, أَفْعَلُ، نَفْعَلُ**

**اِفْعَلْ، اِفْعَلُوا، لاَ تَفْعَلْ، لاَ تَفْعَلُوا**

**فَاعِل، مَفْعُول، فِعْل**

(সে (স্ত্রী) করে تَفْعَلُ ، সে (স্ত্রী) করেছিল فَعَلَتْ ، তার (স্ত্রী) প্রতিপালক رَبُّهَا ،সে (স্ত্রী) هِيَ)

# পাঠ - ১৩ ইকামা(সালাতের অংশ থেকে)

* আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ, আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ
* আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ্ ছাড়া কোন উপাস্য্ নেই
* আমি সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রাসুল
*নামাজের দিকে এসো
*কল্যাণের দিকে এসো
* নিশ্চয়ই নামাজ সুপ্রতিষ্ঠিত। নিশ্চয়ই নামাজ সুপ্রতিষ্ঠিত
* আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ, আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ
* আল্লাহ্ ছাড়া কোন উপাস্য নেই

| *** ইকামা *** | |
|---|---|
| أَشْهَدُ أَنْ لاَ إِلَـهَ إِلاَّ اللهُ ~ | اَللهُ أَكْبَرُ اَللهُ أَكْبَرُ ~ |
| আমি সাক্ষ্য দিচ্ছি যে আল্লাহ্ ছাড়া কোন উপাস্য্ নেই | আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ, আল্লাহ্ সবর্শ্রেষ্ঠ |

==============

www.priyoboi.com

*হে আল্লাহ্ আপনি পাক পবিত্র এবং সকল প্রশংসা আপনার জন্য; এবং মহিমান্বিত আপনার নাম এবং আপনার সত্ত্বা অতি উচ্চে প্রতিষ্ঠিত; এবং আপনি ছাড়া কোন উপাস্য নেই

<table>
<tr><td colspan="2">حَيَّ عَلَى الصَّلٰوةِ ~</td><td colspan="3">أَشْهَدُ أَنَّ مُحَمَّدًا رَّسُولُ اللهِ ~</td></tr>
<tr><td>নামাজের দিকে</td><td>এসো</td><td colspan="3">আমি সাক্ষ্য দিচ্ছি যে মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রাসুল</td></tr>
<tr><td colspan="2">قَدْ قَامَتِ الصَّلٰوةُ ~</td><td>قَامَتِ الصَّلٰوةُ ~</td><td>قَدْ</td><td colspan="2">حَيَّ عَلَى الْفَلاَحِ ~</td></tr>
<tr><td colspan="2">নিশ্চয়ই সালাত কায়েম হলো</td><td>সালাত কায়েম হলো.</td><td>নিশ্চয়ই</td><td>কল্যাণের দিকে</td><td>এসো</td></tr>
<tr><td colspan="3">لاَ إِلٰــهَ إِلاَّ اللهُ</td><td colspan="3">اَللهُ أَكْبَرُ اَللهُ أَكْبَرُ ~</td></tr>
<tr><td colspan="3">আল্লাহ্ ছাড়া কোন উপাস্য নেই</td><td colspan="3">আল্লাহ্ সর্বশ্রেষ্ঠ, আল্লাহ্ সর্বশ্রেষ্ঠ</td></tr>
</table>

<u>ব্যাকরণ:</u>

**فَتَحَ**[২৯] (১ক) শব্দটি কোর্‌আনে ২৯ বার বিভিন্ন কাঠামোয় (form) এসেছে। বন্ধনীর ভেতর ১ক নির্দেশ করে যে ক্রিয়ার ধরন (باب فَتَحَ)।
**جَعَلَ**[৩৪৬] (১ক) এরও বিভিন্ন কাঠামো অনুশীলন করুন। ( **فَتَحَ** : সে উন্মোচিত করল; **جَعَلَ** : সে তৈরি করল, সৃষ্টি করল)

**فَتَحَ، فَتَحُوا، فَتَحْتَ، فَتَحْتُمْ، فَتَحْتُ، فَتَحْنَا، يَفْتَحُ، يَفْتَحُونَ، تَفْتَحُ، تَفْتَحُونَ، أَفْتَحُ، نَفْتَحُ**

**إِفْتَحْ، إِفْتَحُوا، لاَ تَفْتَحْ، لاَ تَفْتَحُوا فَاتِح، مَفْتُوح، فَتْح (هِيَ فَتَحَتْ، تَفْتَحُ)**

**جَعَلَ، جَعَلُوا، جَعَلتَ، جَعَلْتُمْ، جَعَلْتُ، جَعَلْنَا، يَجْعَلُ، يَجْعَلُونَ، تَجْعَلُ، تَجْعَلُونَ، أَجْعَلُ، نَجْعَلُ**

**إِجْعَلْ، إِجْعَلُوا، لاَ تَجْعَلْ، لاَ تَجْعَلُوا جَاعِل، مَجْعُول، جَعْل (هِيَ جَعَلَتْ، تَجْعَلُ)**

**(هِيَ (স্ত্রী) সে، رَبُّهَا তার (স্ত্রী) প্রতিপালক ، فَعَلَتْ সে (স্ত্রী) করেছিল ، تَفْعَلُ সে (স্ত্রী) করে)**

# পাঠ - ১৪ সানা, রুকু ও সিজদা (সালাতের অংশ থেকে)

* হে আল্লাহ্ আপনি পাক পবিত্র এবং সকল প্রশংসা আপনার জন্য; এবং মহিমান্বিত আপনার নাম
এবং আপনার সত্ত্বা অতি উচ্চে প্রতিষ্ঠিত; এবং আপনি ছাড়া কোন উপাস্য নেই

===============
* আমার মহান প্রভুর পবিত্রতা বর্ণনা করছি
* আল্লাহ্ সেই ব্যক্তির কথা শুনেন যে তাঁর প্রশংসা কীর্তন করে
* হে আমাদের প্রভু আপনার জন্য সকল প্রশংসা

===============

* আমার মহান সুউচ্চ প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি

***** সানা *****

| | | | | |
|---|---|---|---|---|
| اسْمُكَ | وَتَبَارَكَ | وَبِحَمْدِكَ | اللَّهُمَّ | سُبْحَانَكَ |
| আপনার নাম | এবং মহিমান্বিত | এবং সকল প্রশংসা আপনার জন্য | হে আল্লাহ্ | আপনি পাক পবিত্র |

| | | |
|---|---|---|
| غَيْرُكَ | وَلاَ إِلَـهَ | وَتَعَالَى جَدُّكَ |
| আপনি ছাড়া | এবং কোন উপাস্য নেই | আপনার সত্ত্বা অতি উচ্চে প্রতিষ্ঠিত |

***** রুকু বা রুকু থেকে উঠার সময় যা বলা হয় *****

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | الْعَظِيمِ % | رَبِّيَ | سُبْحَانَ |
| | | | মহান | আমার প্রভুর | পবিত্রতা বর্ণনা করছি |
| الْحَمْدُ | وَلَكَ | رَبَّنَا | حَمِدَهُ % | لِمَنْ | سَمِعَ اللهُ |
| সকল প্রশংসা | এবং আপনার জন্য | আমাদের প্রভু | তাঁর প্রশংসা কীর্তন করে | যে | আল্লাহ্ কথা শুনেন |

***** সেজদার যিকির (দোয়া) *****

| | | |
|---|---|---|
| الْأَعْلَى % | رَبِّيَ | سُبْحَانَ |
| মহান সুউচ্চ | আমার প্রভুর | পবিত্রতা বর্ণনা করছি |

## ব্যাকরণ:

**نَصَرَ** [৯২] (১খ) - সে সাহায্য করল - এর ২১ টি কাঠামো (form) অনুশীলন করুন।

বন্ধনির ভেতরের কাঠামোগুলি, যেমন , **(نَصَرَتْ، تَنْصُرُ)** স্ত্রী লিঙ্গের জন্যঃ সে (স্ত্রী) সাহায্য করল ***نَصَرَت***; সে (স্ত্রী) সাহায্য করে/করবে **تَنْصُرُ** | আরেকটি ক্রিয়া অনুশীলন করুনঃ خَلَقَ [২৪৮] (১খ) সে সৃষ্টি করল।

**نَصَرَ، نَصَرُوا، نَصَرْتَ، نَصَرْتُمْ، نَصَرْتُ، نَصَرْنَا ، يَنْصُرُ, يَنْصُرُونَ, تَنْصُرُ, تَنْصُرُونَ, أَنْصُرُ، نَنْصُرُ**

**أُنْصُرْ، أُنْصُرُوا، لاَ تَنْصُرْ، لاَ تَنْصُرُوا، نَاصِر، مَنْصُور، نَصْر، (نَصَرَتْ، تَنْصُرُ)**

**خَلَقَ، خَلَقُوا، خَلَقْتَ، خَلَقْتُمْ، خَلَقْتُ، خَلَقْنَا ،يَخْلُقُ, يَخْلُقُونَ, تَخْلُقُ, تَخْلُقُونَ, أَخْلُقُ، نَخْلُقُ**

**أُخْلُقْ، أُخْلُقُوا، لاَ تَخْلُقْ، لاَ تَخْلُقُوا، خَالِق، مَخْلُوق، خَلْق، (خَلَقَتْ، تَخْلُقُ)**

খেয়াল করুন যে, এই ক্রিয়াটির ধরন ১খ (টেবিলে প্রকার-১খ বা কেবল ১খ হিসেবে দেখানো হয়েছে) অর্থাৎ, **بَاب نَصَرَ** | এই প্রকারভেদগুলি নিয়ে ভীত হবার কিছু নেই। বিভিন্ন প্রকারের মধ্যে পার্থক্য খুবই সামান্য। এখানে পার্থক্য হচ্ছে যে বর্তমান কালের ক্ষেত্রে **يَنْصَرُ، يَنْصَرُونَ...** বদলে আমরা পাচ্ছি **يَنْصُرُ، يَنْصُرُونَ،...** (অর্থাৎ, **ص** এর উপর 'আ'-এর বদলে 'উ' উচ্চারণ হবে)| নির্দেশমূলক কাঠামোর ক্ষেত্রেও একই ধরনের পরিবর্তন খেয়াল করুন। **আরবী ক্রিয়া অধিকাংশই بَاب نَصَرَ।**

# পাঠ - ১৫ তাশাহহুদ (সালাতের অংশ থেকে)

=====================
=
যাবতীয় ইবাদত ও অর্চনা (মৌখিক,শারীরিক এবং আর্থিক) আল্লাহর জন্য।

হে নবী, আপনার ওপর শান্তি এবং আল্লাহ্র রহমত ও বরকত।

আমাদের এবং আল্লাহ্র নেক বান্দাদের উপর শান্তি।

***** তাশাহহুদ *****

| | | | |
|---|---|---|---|
| وَالطَّيِّبَاتُ | وَالصَّلَوَاتُ | لِلّٰهِ | اَلتَّحِيَّاتُ |
| এবং আর্থিক ইবাদত | এবং শারীরিক ইবাদত | আল্লাহর জন্য | যাবতীয় ইবাদত ও অর্চনা (মৌখিক) |

| | | | | |
|---|---|---|---|---|
| وَبَرَكَاتُه‘ | وَرَحْمَتُ اللهِ | أَيُّهَاالنَّبِيُّ | عَلَيْكَ | اَلسَّلاَمُ |
| এবং তাঁর বরকত | এবং আল্লাহ্‌র রহমত | হে নবী, | আপনার ওপর | শান্তি |

| | | | | |
|---|---|---|---|---|
| الصَّالِحِينَ | عِبَادِ اللهِ | وَعَلَىٰ | عَلَيْنَا | اَلسَّلاَمُ |
| নেক | আল্লাহ্‌র বান্দাদের | এবং উপর | আমাদের উপর | শান্তি |

| | | |
|---|---|---|
| إِلاَّ اللهُ | لاَ إِلٰـهَ | أَشْهَدُ أَنْ |
| আল্লাহ্ ছাড়া | ইবাদতের যোগ্য কোন সত্য মাবুদ নেই | আমি সাক্ষ্য দিচ্ছি যে |

| | | | |
|---|---|---|---|
| وَرَسُوْلُه‘ | عَبْدُه‘ | مُحَمَّدًا | وَأَشْهَدُ أَنَّ |
| ও তাঁর রাসূল | তাঁর বান্দা | মুহাম্মাদ (সাঃ) | এবং আরো সাক্ষ্য দিচ্ছি যে |

**ব্যাকরণ:**

**ذَكَرَ** ১৬৩ (১খ) and **كَفَرَ**৪৬১ (১খ) **এর ২১ টি কাঠামো (form) অনুশীলন করুন।**

( **ذَكَرَ** : **সে স্মরণ করল এবং** **كَفَرَ**১৪৩ : **সে অবিশ্বাস করল; সে অকৃতজ্ঞ হলো** )

**ذَكَرَ، ذَكَرُوا، ذَكَرْتَ، ذَكَرْتُمْ، ذَكَرْتُ، ذَكَرْنَا ، يَذْكُرُ, يَذْكُرُونَ, تَذْكُرُ, تَذْكُرُونَ, أَذْكُرُ، نَذْكُرُ**
**أُذْكُرْ، أُذْكُرُوا، لاَ تَذْكُرْ، لاَ تَذْكُرُوا، ذَاكِر، مَذْكُور، ذِكْر، (ذَكَرَتْ، تَذْكُرُ)**

**كَفَرَ، كَفَرُوا، كَفَرْتَ، كَفَرْتُمْ، كَفَرْتُ، كَفَرْنَا ، يَكْفُرُ, يَكْفُرُونَ, تَكْفُرُ, تَكْفُرُونَ, أَكْفُرُ، نَكْفُرُ**
**أُكْفُرْ، أُكْفُرُوا، لاَ تَكْفُرْ، لاَ تَكْفُرُوا، كَافِر، مَكْفُور، كُفْر، (كَفَرَتْ، تَكْفُرُ)**

# পাঠ - ১৬  দুরূদ (সালাতের অংশ থেকে)

হে আল্লাহ্! মুহাম্মাদের উপর এবং মুহাম্মাদের বংশধরগণের উপর রহমত নাযিল কর

যেমন তুমি রহমত নাযিল করেছিলে ইবরাহিম এবং ইবরাহিমের বংশধরগণের উপর

নিশ্চয় তুমি প্রশংসনীয়,

| ***** দুরূদ (আল্লাহর রাসুলের (সাঃ) উপর সালাম প্রেরণ) ***** | | | | |
|---|---|---|---|---|
| اٰلِ مُحَمَّدٍ | وَعَلٰى | عَلٰى مُحَمَّدٍ | صَلِّ | اَللّٰهُمَّ |
| মুহাম্মাদের বংশধরগণ | এবং উপর | মুহাম্মাদের উপর | রহমত নাযিল কর | হে আল্লাহ্! |
| إِبْرَاهِيمَ | اٰلِ | وَعَلٰى | عَلٰى إِبْرَاهِيمَ | كَمَا صَلَّيْتَ |
| ইবরাহিমের | বংশধরগণ | এবং উপর | ইবরাহিমের উপর | যেমন তুমি রহমত নাযিল করেছিলে |
| مَّجِيدٌ | | حَمِيدٌ | | إِنَّكَ |
| সম্মানীয় | | প্রশংসনীয় | | নিশ্চয় তুমি |

## ব্যাকরণ:

رَزَقَ[১২২](১খ), دَخَلَ[৭৮](১খ), এবং عَبَدَ[১৪৩](১খ) এর ২১ টি কাঠামো (**form**) অনুশীলন করুন।

( رَزَقَ : তিনি রিযিক দিলেন, دَخَلَ : সে প্রবেশ করল, عَبَدَ : সে উপাসনা করল)

